

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ৪, ২০১৫

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
প্রজ্ঞাপন

তারিখ : ০৪ মে ২০১৫/২১ বৈশাখ ১৪২২

নং ১৭.০০.০০০০.০৪৫.৬২.০১৮.০৮-৩০।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের ২০ এপ্রিল ২০১৫ তারিখের স্মারক নং ২১৩ বিচার-৩/১এম-১/২০১১ এর পরিপ্রেক্ষিতে নিম্ন তফসিলের ৩নং কলামে বর্ণিত সিটি কর্পোরেশনসমূহের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনি বিরোধ সংক্রান্তে দায়েরকৃত নির্বাচনি দরখাস্ত গ্রহণ, গুনানি ও নিষ্পত্তির লক্ষ্যে এতদ্বারা উক্ত তফসিলের ৪নং কলামে বর্ণিত যুগ্ম জেলা ও দায়রা জজ এর সমন্বয়ে ৩নং কলামভুক্ত সিটি কর্পোরেশনের জন্য “নির্বাচনি ট্রাইব্যুনাল” গঠন করলঃ

তফসিল

ক্রমিক নং	জেলা	সিটি কর্পোরেশন	নির্বাচনি ট্রাইব্যুনাল
১	২	৩	৪
১.	ঢাকা	ঢাকা উত্তর	যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, ঢাকা
২.		ঢাকা দক্ষিণ	
৩.	চট্টগ্রাম	চট্টগ্রাম	যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম আদালত, চট্টগ্রাম

নির্বাচন কমিশনের আদেশক্রমে

লায়লা শারমিন

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৩০৪৩)

মূল্য : টাকা ৪.০০